

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ-এর পরিচয় (تعارف أحد)

মদীনার ওহোদ পাহাড়ের নামে এই যুদ্ধের নামকরণ হয়েছে। পাহাড়িটি অন্য পাহাড়ের সাথে যুক্ত না থেকে 'একক' হওয়ায় এর নাম ওহোদ (أَحُنُ) হয়েছে। যার পর থেকে ত্বায়েফের পাহাড় (جَبَلُ الطائف) শুরু হয়েছে। এটি মসজিদে নববীর 'মাজীদী দরজা' (باب الْمَجِيدى) থেকে সাড়ে পাঁচ কিলোমিটার উত্তরে অবস্থিত। এই পাহাড়ের কতগুলি চূড়া রয়েছে। এর সরাসরি দক্ষিণে ছোট্ট পাহাড়টির নাম 'আয়নায়েন'(عَیْنَین) যা পরবর্তীতে 'জাবালুর রুমাত' (جَبَلُ الرُّمَاة) বা তীরন্দাযদের পাহাড় বলে পরিচিত হয়। এ দুই পাহাড়ের মধ্যবর্তী বৃহৎ উপত্যকার নাম 'কুনাত' (وَادِي قُنَاة) যেখানে ওহোদ যুদ্ধ সংঘটিত হয় বদর যুদ্ধের প্রায় ১১ মাস পরে' (সীরাহছহীহাহ ২/৩৭৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5434

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন